

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.১৭৩৭

তারিখ: ১২ পৌষ ১৪৩০

২৭ ডিসেম্বর ২০২৩

বিষয়: চট্টগ্রাম বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির নিমিত্তে সড়ক পথে মোট ৫৭৫ মে.টন আমন ২০২৩-২০২৪ আতপ চালের জারিকৃত চলাচলসূচির পূর্বানুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম ২১-১২-২০২৩ খ্রি. এর ১৩.০১.০০০০.২১০.৫১.০০২.২৩-৪৪৩৯নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ আমন ২০২৩-২০২৪ সংগ্রহের আওতায় প্রদত্ত লক্ষ্যমাত্রার চাল গুদামে গ্রহণ ও সংগ্রহ কার্যক্রম গতিশীল রাখার নিমিত্ত ব্রাহ্মণবাড়িয়া জেলার বিভিন্ন এলএসডিতে অভ্যন্তরীণ আমন ২০২৩-২০২৪ আতপ চাল গুইমারা এলএসডি ১৩৫ মে.টন বান্দরবান সদর এলএসডি ১৫০ মে.টন, রাজামাটি সদর এলএসডি ১৫০ মে.টন এবং পানছড়ি এলএসডিতে ১৪০ মে.টনসহ সর্বমোট ৫৭৫ মে.টন সংগৃহীত আমন ২০২৩-২০২৪ আতপ চালের সূচি পূর্বানুমোদনের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ স্মারকে নিম্নোক্তভাবে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে আসন্ন অভ্যন্তরীণ আমন ২০২৩-২০২৪ সংগ্রহের আওতায় প্রদত্ত লক্ষ্যমাত্রার চাল গুদামে গ্রহণ ও সংগ্রহ কার্যক্রম গতিশীল রাখার নিমিত্ত গুইমারা এলএসডি ১৩৫ মে.টন বান্দরবান সদর এলএসডি ১৫০ মে.টন, রাজামাটি সদর এলএসডি ১৫০ মে.টন এবং পানছড়ি এলএসডিতে ১৪০ মে.টনসহ সর্বমোট ৫৭৫ মে.টন সংগৃহীত আমন ২০২৩-২০২৪ আতপ চাল ডিআরটিসির মাধ্যমে জারিকৃত সূচির পূর্বানুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

সারণি-১ : চট্টগ্রাম বিভাগে আমন'২৩-২৪ আতপ চালের চলাচল সূচির পূর্বানুমোদন

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	কুমিল্লা	চৌদ্দগ্রাম এলএসডি	খাগড়াছড়ি	গুইমারা এলএসডি	১৩৫	আমন'২৩-২৪ আতপ চাল	সড়ক পথ	
২.	ঐ	দাউদকান্দি এলএসডি	বান্দরবান	বান্দরবান এলএসডি	১৫০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	রাজামাটি	রাজামাটি সদর এলএসডি	১৫০	ঐ	ঐ	
৪.	ব্রাহ্মণবাড়িয়া	আশুগঞ্জ এলএসডি	খাগড়াছড়ি এলএসডি	পানছড়ি এলএসডি	১৪০	ঐ	ঐ	
				মোট =	৫৭৫			

## নির্দেশনাসমূহ:

- (১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;
- (২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- (৩) এই অনুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৭-১২-২০২৩

মোঃ নাজমুল হক ভূঁইয়া

উপপরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.১৭৩৭/১(৫)

তারিখ: ১২ পৌষ ১৪৩০

২৭ ডিসেম্বর ২০২৩

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদস্য অবগতির জন্য)

২৭-১২-২০২৩

মোঃ নাজমুল হক ভূঁইয়া

উপপরিচালক